



টঙ্গীতে ওষুধ কারখানার আগুন নিয়ন্ত্রণে: ফায়ার সার্ভিস



ছবি: সংগৃহীত

গাজীপুরের টঙ্গীর চেরাগআলী এলাকায় ড্রাগ ইন্টারন্যাশনালের ওষুধ কারখানায় লাগা আগুন নিয়ন্ত্রণে এসেছে। বুধবার (১৪ অক্টোবর) দুপুর ১টা ৫৫ মিনিটে ফায়ার সার্ভিসের ২১টি ইউনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে।

ফায়ার সার্ভিস কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করেছে।

এর আগে সকাল ১০টার দিকে কারখানাটিতে আগুন লাগে। পরিস্থিতি মোকাবিলায় ফায়ার সার্ভিসের পাশাপাশি সেনাবাহিনী, বিজিবি ও পুলিশ সদস্যরা কাজ করেন।

ফায়ার সার্ভিস ও স্থানীয় সূত্র জানায়, কারখানার ইউনিট-২-এর চতুর্থ তলা থেকে আগুনের সূত্রপাত। পরে তা দ্রুত ছড়িয়ে পড়ে বিভিন্ন অংশে। এতে কারখানার দুটি ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে।

এ ঘটনায় এখন পর্যন্ত হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। আগুনে ক্ষয়ক্ষতির পরিমাণও নিশ্চিত হওয়া যায়নি।

LENS ASIA